

ফতওয়া নং ৪০৭

প্রশ্ন:

হযরত, কোন মহিলা বাচ্চা প্রসব করার কতদিন পর থেকে সেই মহিলার সঙ্গে স্ত্রী সহবাস করা যাবে ? দয়া করিয়া জানাবেন ।

উত্তর:

সন্তান প্রসবের পর নারীদের যৌনাঙ্গ দিয়ে যে রক্তস্রাব হয়ে থাকে তাকে নিফাস বলা হয়। নিফাস অবস্থায় স্ত্রী সহবাস হারাম। নিফাস সর্বোচ্চ চল্লিশ দিন চলতে পারে। কন্মের কোনো সময়সীমা নির্দিষ্ট নেই। অতএব চল্লিশ দিনের আগেও বন্ধ হয়ে যেতে পারে। নিফাস বন্ধ হয়ে গেলে, স্ত্রী সহবাস জাইয হবে চল্লিশ দিন অপেক্ষা করার প্রয়োজন হবে না।

তবে যদি অভ্যাসের আগে রক্ত বন্ধ হয়ে যায়, তাহলে অভ্যাস পরিপূর্ণ না হওয়া পর্যন্ত সহবাস করা নিষেধ। (ফাতাওয়া হাক্কানিয়া ২/২২৩)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

০৬ যিলহজ্জ, ১৪৪৫ হিজরী (14/06/2024)